সমকাল

তারিখ ...12 OCT 2016...
পৃষ্ঠা ...2... কলাম ...6...

# প্রাথমিকের শিক্ষক নিয়োগ পরীক্ষা ২৯ অক্টোবর

■ সমকাল প্রতিবেদক

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাক-প্রাথমিকের সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা কোটা) পদের লিখিত পরীক্ষা ২৯ অক্টোবর অনুষ্ঠিত হবে। বেলা ৩টা থেকে বিকেল ৪টা ২০ মিনিট পর্যন্ত তিন পার্বত্য জেলা ছাড়া বাকি ৬১টি জেলায় একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। ২১ অক্টোবর থেকে প্রার্থীদের মোবাইল ফোনে এসএমএস পাঠানো হবে এবং ২২ অক্টোবর থেকে প্রার্থীরা নিজ নিজ প্রবেশপত্র ডাউনলোডের মাধ্যমে সংগ্রহ করতে পারবেন।

প্রবেশপত্র ছাড়া পরীক্ষাকেন্দ্রে কোনো বই, উত্তরপত্র, নোট বা কোনো কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ভ্যানিটি ব্যাগ, পার্স,

■ পৃষ্ঠা ৪ : কলাম ২

## প্রাথমিকের শিক্ষক

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

ইলেক্ট্রনিক ঘড়ি বা যে কোনো ইলেক্ট্রনিক ডিভাইস আনা যাবে না। যদি কোনো পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি নিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করেন, তাহলে তাকে তাৎক্ষণিক বহিষ্কার করা হবে।

প্রার্থীরা http:// dpe.teletalk.com.bd ওয়েবসাইট থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন। ওএমআর শিট পূরণের নির্দেশাবলি এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য www.dpe.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।